আমি তোমাদেরকে অমুক অমুককে আগুন দিয়ে জ্বালাতে বলেছিলাম। কিন্তু আগুন দিয়ে জ্বালানোর শাস্তি কেবল আল্লাহই দেন। বিধায় তোমরা যদি তাদেরকে পাও, তাহলে তাদেরকে হত্যা ক’রে দিও।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার আমাদেরকে একটি অভিযানে পাঠালেন এবং কুরাইশ বংশীয় দুই ব্যক্তির নাম নিয়ে আদেশ দিলেন যে, ‘তোমরা যদি অমুক ও অমুককে পাও, তাহলে তাদেরকে আগুন দিয়ে জ্বালিয়ে দিও।’ অতঃপর যখন যাত্রা শুরু করলাম, তখন তিনি বললেন, “আমি তোমাদেরকে অমুক অমুককে আগুন দিয়ে জ্বালাতে বলেছিলাম। কিন্তু আগুন দিয়ে জ্বালানোর শাস্তি কেবল আল্লাহই দেন। বিধায় তোমরা যদি তাদেরকে পাও, তাহলে তাদেরকে হত্যা ক’রে দিও।”
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু এ হাদীসটিতে সংবাদ দেন যে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার তাদেরকে একটি অভিযানে পাঠালেন দুশমনদের সাথে যদ্ধ করার জন্য এবং তাদের নির্দেশ দিলেন যদি তারা কুরাইশ বংশীয় দুইজন নির্দিষ্ট ব্যক্তিকে দেখে তারা যেন তাদের আগুন দিয়ে জালিয়ে দেয়। অতঃপর যখন তারা যাত্রা শুরু করল এবং তারা তাদের সফরের পূর্বে তার কাছ থেকে বিদায় আনতে গেলেন, তখন তিনি বললেন, “আমি তোমাদেরকে অমুক অমুককে আগুন দিয়ে জ্বালানোর নির্দেশ দিয়েছিলাম। কিন্তু আগুন দিয়ে জ্বালানোর শাস্তি কেবল আল্লাহই দেন। বিধায় তোমরা যদি তাদেরকে পাও, তাহলে তাদেরকে হত্যা ক’রে দিও”।

http://sunnah.global/hadeeth/bn/show/8889